



ঘরে থাকি * সামাজিক দূরত্ব বজায় রাখি *
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি * জীবন বাঁচাই
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৪৩

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৮

২৯ এপ্রিল ২০২১

বিষয়: বোরো ধান আহরণে কৃষকদের সহায়তা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস রোগ (COVID-19) এর বৈশ্বিক মহামারীর দ্বিতীয় ঢেউ বাংলাদেশেও হানা দিয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের বিরূপ প্রভাব মোকাবেলায় বিশেষ বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছেন। একইসঙ্গে তিনি অর্থনীতির গতি সচল রাখতে এবং মানুষের খাদ্য সরবরাহ নিশ্চিত করতে নানামুখী উদ্যোগ গ্রহণ করেছেন। সরকারের সঠিক পদক্ষেপ গ্রহণ ও অনুকূল আবহাওয়ার কারণে এ বছরও বোরো ধানের বাম্পার ফলন হয়েছে। লকডাউনের কারণে গত বছরের ন্যায় এ বছরও কৃষি শ্রমিকের ঘাটতির সম্ভাবনা থাকায় মাননীয় প্রধানমন্ত্রী দেশবাসীর প্রতি বোরো ধান আহরণে কৃষকদের সহায়তা প্রদানের আহবান জানিয়েছেন।

উদ্ভূত পরিস্থিতিতে দেশের যেসব অঞ্চলে বোরো ধান আহরণের ক্ষেত্রে কৃষকদের সহায়তা করা প্রয়োজন সেসব এলাকার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে কৃষকদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করার অনুরোধ করা হলো। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে তাঁরা অন্যান্য শিক্ষক এবং দায়িত্ববোধ সম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত (স্কাউটস/রোভার স্কাউটস ইত্যাদি) শিক্ষার্থীদের নিয়ে তাঁদের প্রতিষ্ঠান সংলগ্ন এলাকার কৃষকদের সহায়তায় এগিয়ে যাবেন। প্রয়োজনে কৃষকদেরকে তাঁদের প্রতিষ্ঠান প্রাঙ্গণ ব্যবহার করার সুযোগ করে দেবেন।

এ পরিপ্রেক্ষিতে বোরো ধান আহরণে কৃষকদের সর্বাঙ্গিক সহায়তা প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

২৯-৪-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২) অধ্যক্ষ, সকল কলেজ
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা
- ৫) প্রধান শিক্ষক, সকল বিদ্যালয়:
- ৬) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল


উপজেলা/থানা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৪৩/১(৯)

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৮
২৯ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) সভাপতি, এসএমসি/গভর্নিং বডি (সকল প্রতিষ্ঠান)
- ৫) সংরক্ষণ নথি।



২৯-৪-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক